



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/26/2025

গভর্নর ক্যাথি হোকল

জনস্বাস্থ্য, মানসিক স্বাস্থ্য ও আসক্তি পরিষেবাগুলোতে ব্যাপক ফেডারেল কাট সম্পর্কে গভর্নর ক্যাথি হোকল-এর বিবৃতি

"গতকাল, ফেডারেল স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (Department of Health and Human Services) আমাদের প্রশাসনকে জানিয়েছে যে তারা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (New York State Department of Health), অফিস অব অ্যাডিকশন সাপোর্টস অ্যান্ড সার্ভিসেস (Office of Addiction Supports and Services) এবং অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health)-এর জন্য 300 মিলিয়ন ডলারেরও বেশি তহবিল কমানোর পরিকল্পনা করছে। এর মধ্যে সেই তহবিলগুলো অন্তর্ভুক্ত রয়েছে যা নিউ ইয়র্ক জুড়ে কাউন্টি স্বাস্থ্য বিভাগগুলো রোগ প্রতিরোধ এবং মানুষকে নিরাপদ রাখতে ব্যবহার করার পরিকল্পনা করছে। নিউ ইয়র্ক যখন ক্রমাগত আফিম সংকট, একাধিক নিশ্চিত হামের ঘটনা এবং চলমান মানসিক স্বাস্থ্য সংকটের মুখোমুখি, ঠিক সেই সময়ে এই কাটছাঁটগুলো বিপর্যয়কর হবে।

"ভুল বুঝবেন না: এই দেশের এমন কোনো স্টেট নেই যার DOGE এবং কংগ্রেস রিপাবলিকানদের প্রস্তাবিত বিশাল ফেডারেল তহবিল কাটার ক্ষতিপূরণ দেওয়ার মতো আর্থিক সংস্থান আছে। তাদের প্রচেষ্টা হলো সেই সামাজিক সুরক্ষা জাল ছিন্ন করা, যা পরিবারগুলোকে দারিদ্র্য থেকে তুলে আনে এবং প্রত্যেককে মধ্যবিত্ত জীবনযাপনের সুযোগ দেয়। এই কাটছাঁটগুলো শুধু কাগজের সংখ্যা নয় – এগুলো নিউ ইয়র্কের প্রতিটি কোণে প্রকৃত মানুষদের আঘাত করবে।

"এই তহবিল আটকে রাখার জন্য তারা যতবারই চেষ্টা করবে, আমরা তাদের সাথে দাঁতে দাঁত চেপে লড়াই করব। আমি নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও কল্যাণ রক্ষার জন্য আমার সাধ্যমত সবকিছু করব।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে

টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)